প্রঃ প্রদত্ত অনুচ্ছেদগুলি ভালো করে পড়ে প্রতিটি প্রশ্নের উত্তর লেখ ঃ-

১। কলিকাতার এক বাড়িতে দুইটি পরিবার একত্রে বাস করিতেন। একজনেরা ঘোষ আর একজনেরা মিত্র। ঘোষেদের দুইটি মেয়ে, একটি ছেলে; বিমলা, চপলা ও যতীন। মিত্রদের এক মেয়ে, দুটি ছেলে; সরলা, সুরেশ ও যোগেশ। ঘোষেদের ছেলেমেয়েগুলি শ্যামবর্ণ। বরং বড় মেয়েটিকে কালো বলা যায়। কিন্তু মিত্রদের সন্তানগুলি ফুটফুটে গৌরবর্ণ। ঘোষেদের কর্তা প্রকাশবাবু কিছু অধিক বেতনের কর্ম করেন, পৈতৃক সম্পত্তিও কিছু আছে, সুতরাং তাহার টাকাকড়িরও বড় অনটন নাই। মিত্র পরিবারকে কিছু টানাটানি করিয়া সংসার চালাইতে হয়।

ক) মিত্রদের মেয়েটির নাম কি?

খ) যতীনের উপাধি কী?

গ) ঘোষেদের ছেলেমেয়েগুলির গায়ের রঙ কেমন ছিল?

ঘ) কলিকাতার বাড়িতে যে দুটি পরিবার বাস করত, তাদের মধ্যে কার আর্থিক অবস্থা স্বচ্ছল ছিল?

ঙ) 'অনটন' শব্দটির বিপরীত শব্দটি কী হবে?

২। পরদিন সন্ধ্যাবেলা সত্যচরণ আপিস হইতে ফিরিয়া আসিয়া তাহারই গৃহে লুক্কায়িত নবকুমারকে সংবাদ দিল— খুড়ামহাশয় তাহার সহিত এক ট্রেনেই কলিকাতায় গিয়াছিলেন, সাবিত্রীর নামে দশহাজার টাকার কোম্পানির কাগজ কিনিয়া আনিয়াছেন। সত্যচরণ জিজ্ঞাসা করিয়াছিল, "এ টাকা কোথা থেকে এল?" গগনচন্দ্র বলিয়াছিলেন, "টাকাটা ছিল আমার দাদার।" সকলে যে বলত, তাঁর দশ হাজার টাকা আছে— তা দেখছি মিথ্যে নয়। কিন্তু তাঁর লোহার সিন্দুক থেকে বেরোয়নি। কালকে রাত্রে হঠাৎ তাঁর পুরানো টিনের বাক্স খুলে দেখি, এক টুকরো লাল চেলিতে মোড়া দশ হাজার টাকার নোট।

ক) দশ হাজার টাকা দিয়ে কী কেনা হয়েছিল?

খ) খুড়ামহাশয়ের নাম কী ছিল?

Scanned with CamScanner

গ) দশ হাজার টাকা কোথায় রাখা ছিল?

ঘ) দশ হাজার টাকার আসল মালিক কে ছিল?

ঙ) 'লুকায়িত' শব্দটি দিয়ে বাক্যরচনা কর।

৩। এই মুখরা মেয়েটিকে সহসা নিধিরামের অত্যন্ত ভাল লাগিয়া গেল। ক্রমে ক্রমে কালীঘাটের পুতুল, গালার চুড়ি, দু-এক টুকরা জরির কাপড় নিধিরামের সিঁদুরের বাক্সে আশ্রয় পাইয়া অবশেষে সরস্বতীর খেলাঘরে স্থান লাভ করিতে লাগিত। প্রত্যহের আনন্দহীন একঘেয়ে কেনাবেচার মধ্যে এই মেয়েটির সঙ্গে দুদণ্ড কথা কহিয়া নিধিরাম আনন্দ পাইত, সময় সময় নীলবাড়ির জানালার রোয়াকে সিঁদুরের পাটিরা কোলের উপর রাখিয়া নিধিরাম সরস্বতীর সহিত তাহার মাটির ছেলেমেয়েদের সুখ-দুঃখের কথা কহিয়া ঘন্টার পর ঘন্টা কাটাইয়া দিয়াছে।

ক) এই মুখরা মেয়েটির নাম কী ছিল?

খ) নিধিরাম তার সিঁদুরের বাক্সে সরস্বতীর খেলাঘরের জন্য কী কী রাখত?

গ) কোথায় বসে নিধিরাম সরস্বতীর সাথে ঘন্টার পর ঘন্টা কথা বলে কাটাত?

ঘ) নিধিরাম ও সরস্বতীর গল্পের বিষয় কী ছিল?

ঙ) 'কেনাবেচা' - এটি কোন সমাস?

৪। আলো নিবিয়ে শুয়ে পড়লুম। আমার শিয়রের কাছে একটা বড় জানালা— জানালা দিয়ে বাড়ির পিছনের বনবাগান চোখে পড়ে। বেশ জ্যোৎস্না উঠেছে— কৃষ্ণপক্ষের একাদশীর জ্যোৎস্না। হাওয়া আসবে বলে জানলা খুলে রেখেছি। কতক্ষণ ঘুম হয়েছিল জানিনা, ঘন্টাখানেকের বেশি হবে না— হঠাৎ ঘুম ভেঙ্গে গেল। মনে হতে লাগল আমার শিয়রের দিকের জানলায় কে দাঁড়িয়ে। যেন মাথা তুলে সেদিকে চেয়ে দেখলেই তাকে দেখা যাবে। কথাটা মনে হওয়ার সঙ্গে সঙ্গে ভীষণ ভয় হল।

ক) এই জ্যোৎস্না আলোকিত রাতটি কোন তিথি ছিল?

খ) ঘুম ভেঙে যেতেই লেখকের কী মনে হয়েছিল?

গ) জানলা দিয়ে বাড়ির পিছনে কী চোখে পড়ে?

ঘ) জানলা খুলে রেখে শোওয়ার কারণ কী?

ঙ) 'কৃষ্ণপক্ষ'-এর বিপরীত শব্দটি লেখ।

Scanned with CamScanner

তুমি তন্ময়। তোমার বন্ধু দীপঙ্করের কাছে তোমাদের স্কুলের সরস্বতীপূজার বর্ণনা দিয়ে চিঠি লেখ।

এন-৩২, সি. আর. পার্ক
নতুন দিল্লি - ১১০০১৯
তারিখ - ১৮ই জানুয়ারী, ২০১৮

প্রিয় বন্ধু,

দীপঙ্কর,

তোমার পত্রে জানলাম যে তোমাদের স্কুলে সরস্বতীপূজা হয় না, কিন্তু আমি দিল্লির বাংলা স্কুলে পড়ি। তাই প্রতিবছরই আমরা সরস্বতীপূজা অত্যন্ত আনন্দের সাথে পালন করি। আজ তোমাকে চিঠির মধ্য দিয়ে এই আনন্দের বিবরণ দেব।

সরস্বতীপূজোর দু'দিন আগে থেকেই আমাদের স্কুলটিকে সাজানো হয় এবং নানা ধরণের কেনাকাটা শুরু হয়ে যায়। আমাদের স্কুলের একাদশ শ্রেণীর ছাত্র-ছাত্রীরাই এই দায়িত্ব প্রতিবছর পালন করে। পূজার দিন আমরা সবাই নিজেদের পছন্দমতো পোশাক পরি। মেয়েরা অধিকাংশই শাড়ি পরে। সকালে পূজার পর অঞ্জলি দিয়ে প্রসাদ খাই। তারপর সবাই একসাথে বসে ভোগ খাই। এই দিনটিই আমাদের বছরের সবচেয়ে আনন্দের দিন বলে মনে হয়। পরের বছর তুমি অবশ্যই আমাদের স্কুলে এসো। আজ চিঠি শেষ করছি।

ইতি
তোমার শুভাকাঙ্খী
তন্ময়

প্রাপকের ঠিকানা ঃ

শ্রী দীপঙ্কর রায়
প্রযত্নে - শ্রী অশোক রায়
সেক্টর ১৫-এ/১২৪, নয়ডা
উত্তর প্রদেশ

Scanned with CamScanner

## অনুশীলনী

১। গরমের ছুটিতে তুমি একটি পাহাড়ী শহরে বাবা-মায়ের সাথে বেড়াতে গিয়েছিলে। সেই জায়গাটির বর্ণনা দিয়ে বন্ধুকে চিঠি লেখ।

২। তোমার বিদ্যালয়ে স্বচ্ছতা সপ্তাহ তুমি কীভাবে পালন করলে তা জানিয়ে দিদিকে একটি পত্র লেখ।

৩। আন্তঃস্কুল প্রবন্ধ প্রতিযোগিতায় তুমি প্রথম পুরস্কার লাভ করেছ। তোমার দিদিমাকে সেই আনন্দের খবর জানিয়ে চিঠি লেখ।

৪। পূজার ছুটিতে বাবা-মায়ের সাথে গ্রামে গিয়েছিলে। গ্রাম বাংলার পূজার আনন্দের বর্ণনা দিয়ে বান্ধবীকে একটি পত্র লেখ।

৫। দিল্লির মেট্রোরেল চড়ার অভিজ্ঞতা জানিয়ে কাকুকে একটি পত্র লেখ।

৬। তোমার হোস্টেল জীবনের বর্ণনা দিয়ে মা'কে একটি পত্র লেখ।

৭। তোমার বাবা বিদেশে থাকে। তাঁকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকার অনুরোধ জানিয়ে একটি পত্র লেখ।

৮। একটি বৃষ্টির সন্ধ্যার বর্ণনা জানিয়ে দিদিকে পত্র লেখ।

৯। ছোট ভাইকে ডেঙ্গু থেকে সাবধান হওয়ার উপদেশ জানিয়ে পত্র লেখ।

১০। বোনকে পড়াশোনার ফাঁকে ফাঁকে খবরের কাগজ পড়ার উপদেশ দিয়ে পত্র লেখ।

Scanned with CamScanner

অনুচ্ছেদ রচনা

1. তোমার জীবনের একটি স্মরণীয় ঘটনা

2. পরিবেশ দূষণ ও তার প্রতিকার

3. ছাত্রজীবনে খেলাধুলার প্রয়োজনীয়তা

4.সংবাদপত্র পাঠের প্রয়োজনীয়তা

5. দূরদর্শন

6. বিজ্ঞান আশীর্বাদ না অভিশাপ

7.বিশ্ব পরিবেশ দিবস

8. দ্রব্য মূল্য বৃদ্ধি

9. পৃথিবী ব্যাপী মারণরোগ

10. ছাত্র জীবনে সৌজন্য ও শিষ্টাচার

11. আমার প্রিয় লেখক

12. ভ্রমণের অভিজ্ঞতা

13. আমার জীবনের লক্ষ্য

14. একতাই বল

15. বন্যপ্রাণী সংরক্ষণ

16. বাংলার ঋতু বৈচিত্র্য

11:55

Scanned with CamScanner

Tools Mobile View Share

Scanned with CamScanner